প্রসেনজিৎ-দেব জুটি



বিনোদনের প্রতিবেদন: প্রযোজক দেব পুজোর মুখে চমক দিলেন। তাঁর ছবিতে অভিনয় করবেন প্রসেনজিৎ। এবং সঙ্গে দেব। ছবির নাম 'কাছের মানুষ'। পরিচালক পথিকৃৎ বসু। 'জুলফিকার'-এ একসঙ্গে ছিলেন দু'জনে। 'ককপিট'-এও দু'জনে ছিলেন। কিন্তু প্রসেনজিৎ, দেব মুখোমুখি হননি। এবার মুখোমুখি দু'জনে। প্রসেনজিৎ বললেন, 'ছবির বিষয় এবং চরিত্র খুবই পছন্দ হয়েছে আমার। আর, ছবির নামটাও খুব চমৎকার।' দেব বললেন, এই চরিত্রটা বুম্বাদা না করলে ছবিটাই করতাম না। এখন তো শুধু শুটিংয়ের অপেক্ষা।

ডাক্তারকাকু

প্রসেনজিৎ ও ঋদ্ধি

বিনোদনের প্রতিবেদন: করোনার দিনগুলিতে চিকিৎসক, নার্সদের ভূমিকা সবচেয়ে গুরুত্বপূর্ণ। সেটা মাথায় রেখেই পাভেল তৈরি করতে চলেছেন নতুন ছবি 'ডাক্তারকাকু'। নামভূমিকায় প্রসেনজিৎ। তিনি বললেন, খুবই প্রাসঙ্গিক এবং জরুরি একটা বিষয়। করোনার দিনে যাঁদের ভূমিকা সবচেয়ে গুরুত্বপূর্ণ, তাঁরাই এ ছবির কেন্দ্রে। এই ছবিতে প্রসেনজিতের ছেলের চরিত্রে ঋদ্ধি সেন। প্রসেনজিৎ বললেন, ঋদ্ধির সঙ্গে অভিনয় করব, এটা আমার খুব ভাল লাগছে। একটি চরিত্রে আছেন এণা সাহা। আগামী বছর ১ জুলাই এই ছবি রিলিজ করার ভাবনা নিয়ে এগোচ্ছেন প্রসেনজিৎ ও পাভেল। ওই দিন ডাক্তার বিধানচন্দ্র রায়ের জন্মদিন। তাঁকে শ্রদ্ধা জানিয়েই মুক্তি পাবে 'ডাক্তারকাকু'।

গানে গানে দুর্গাপুজো

সঙ্কর্ষণ বন্দ্যোপাধ্যায়

টানা ২১ বছর ধরে নিজে পুজো করেছেন শ্যামনগরের বাড়িতে পণ্ডিত অজয় চক্রবর্তী। এই দুই বছরে অনেক কিছুর মতোই মারণ কোভিড খানিক পাল্টে দিয়েছে তাঁর জীবন। তিনিও ভেবেছেন, কীভাবে করোনাকালে পঞ্চমী থেকে দশমী অন্যভাবে উদ্‌যাপন করা যায়। সেই ভাবনা থেকেই তাঁর 'গানে গানে দুর্গাপুজো'-র পরিকল্পনা। পঞ্চমী থেকে দশমী প্রাণের আলাপ হতে চলেছে কেবলমাত্র গানে গানে। পণ্ডিত অজয় চক্রবর্তীর কাছে গানই এবার শারদীয়া পুজোর অর্ঘ্য। অনেকদিন পর ২৭টি মহার্ঘ্য পুজোর গান। শিল্পীর সঙ্গে কণ্ঠ দিয়েছেন কন্যা কৌশিকী এবং স্ত্রী চন্দনা। পুজোর দৃশ্যায়নের ভাবনা পুত্র অনঞ্জনের। পণ্ডিত অজয় চক্রবর্তী বোধন থেকে বিসর্জন— ২৭টি গানের মধ্যে দিয়ে ধরতে চেয়েছেন। এ বারও কোভিডের কারণে অনেকেই পুজোয় বাড়িতে থাকবেন। তাই মনে হয় এই ২৭টি গান যদি ভিডিও হিসেবে প্রকাশ করা যায়, তা হলে অনেকেই তা উপভোগ করতে পারবেন। কোভিডবিধি মেনে ছাত্রছাত্রীরাও অংশ নিয়েছেন গুরুর এই স্বপ্নের প্রকল্পে। বিভিন্ন সংস্কৃত মন্ত্র এবং স্তোত্রের অর্থ ব্যাখ্যা করেছেন পুরাণবিদ নৃসিংহপ্রসাদ ভাদুড়ি। অশোক চট্টোপাধ্যায় প্রতিটি গান ইংরেজিতে ভাবানুবাদ করেছেন। ২৭টি গানের একটি শুটিং হয়েছে বেলুড় মঠে। পুজোর আবহ ফুটিয়ে তোলার জন্য কুমোরটুলি থেকে মূর্তি গড়ানো হয়েছে। পশুপতি রুদ্রপাল সেই মূর্তি তৈরি করেছেন। সাজসজ্জা করেছেন পরিচালক গৌতম হালদার। সব মিলিয়ে, ভিন্নরূপে শুধু গানে-গানে পঞ্চমী থেকে দশমী দেবী আরাধনায় ব্রতী পণ্ডিত অজয় চক্রবর্তী। ২৭টি গানের মধ্যে প্রথম খণ্ডের ১৫টি গান মুক্তি পাবে পঞ্চমী থেকে দশমী, পণ্ডিত অজয় চক্রবর্তীর নিজস্ব ইউটিউব চ্যানেলে।

এবার পুজোয় তিনিও আছেন

বিনোদনের প্রতিবেদন: এবার পুজোতে তিনিও আছেন। তিনি, সৌমিত্র চট্টোপাধ্যায়। শুধু বড় ব্যানারের বড় ছবি নয়, অনেক ছোট বাজেটের ছবিতেও তিনি ছিলেন বড় ভরসা। সেই ভরসাতেই তাঁকে নিয়ে অন্তত দশটি ছবি করেছেন পরিচালক শ্যামল বোস। করোনায় অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হওয়ার কয়েকদিন আগে তাঁর 'ফিরে দেখা' ছবির শুটিং সম্পূর্ণ করেছিলেন সৌমিত্র চট্টোপাধ্যায়। সেই ছবি মুক্তি পেল এই পুজোর আবহে। পরিচালক বললেন, সৌমিত্রদা সবসময় আমাকে সাপোর্ট করেছেন। তাঁর আশীর্বাদ আমার সঙ্গে আছে। সেই ভরসাতেই পুজোয় রিলিজ করলাম 'ফিরে দেখা'। এই ছবিতে গুরুত্বপূর্ণ চরিত্রে আছেন সুপ্রিয় দত্ত, দেবদূত ঘোষ ছাড়াও বেশ কিছু নতুন মুখ। পরিচালক নিজেও অভিনয় করেছেন। সঙ্গীত জয়ন্ত ভট্টাচার্য।

পুজোর গানে বাপী ও ঋতুপর্ণা

ছবি: সুপ্রিয় নাগ

বিনোদনের প্রতিবেদন: নিজের সঙ্গীত জীবনের ৫০ বছরে এবার পুজোয় বাপী লাহিড়ী সুর করলেন নতুন গানে। সেই গান গাইলেন ঋতুপর্ণা সেনগুপ্ত এবং বাপী লাহিড়ী। সেই গানের ভিডিও প্রকাশ হল কলকাতায়। অনুষ্ঠানে ঋতুপর্ণার সঙ্গে উপস্থিত ছিলেন সুরজিৎ চট্টোপাধ্যায়, অর্জুন চক্রবর্তী প্রমুখ। এই 'ফুলমতি' গানটি লিখেছেন লিপি। পুজোয় গানের মাধ্যমে দর্শক-শ্রোতাদের কাছে আসতে পেরে খুশি ঋতুপর্ণা।

পুজোর ছবি, ছবির পুজো

এবার পুজোয় মুখোমুখি জিৎ এবং দেব। আছেন পরমব্রত, অঙ্কুশ। এবং অনেকদিন পর পুজোর ছবিতে চিরঞ্জিত। করোনাকে ভয় না পেয়ে পুজোর ছবি এবারও জমজমাট

গোলন্দাজ

বাজি

অলোকপ্রসাদ চট্টোপাধ্যায়

করোনার ভয় এখনও যায়নি। সিনেমা হল বেশ কিছুদিন আগেই খুলেছে। কিন্তু দর্শকের ভিড় এখনও তেমন নয়। বহু ছবি তৈরি হয়ে আছে। অনেকেই ভরসা পাচ্ছেন না ছবি রিলিজ করার। তবুও উৎসবের আবহকে মাথায় রেখে, দর্শকদের ওপর ভরসা করে এবার পুজোয় বড় পর্দায় মুক্তি পাচ্ছে জিৎ এবং দেবের ছবি। আছে অঙ্কুশের ছবি। জিৎ-এর সঙ্গে আছেন মিমি। অন্যদিকে পরিচালক ও অভিনেতা পরমব্রতর সঙ্গে আছেন কোয়েলও। আবহাওয়া জমজমাট। এখন ভরসা দর্শক।

গোলন্দাজ: দেব এবার বায়োপিকে। ভারতীয় ফুটবলের ঐতিহাসিক ও মহান চরিত্র নগেন্দ্রপ্রসাদ সর্বাধিকারী। ছবির নাম 'গোলন্দাজ'। ধ্রুব ব্যানার্জি পরিচালিত এই ছবিতে নগেন্দ্রপ্রসাদের চরিত্রে দেব। জাতীয়তাবাদের আগুনকে স্পর্শ করে তৈরি হয়েছে এই ছবি। হার না-মানা জেদি নগেন্দ্রপ্রসাদ এবং তাঁর সমকালীন কিছু চরিত্রকে নিয়েই এই ছবি। দেবও এই ছবির জন্য প্রচুর পরিশ্রম করেছেন। দেব বললেন,'এই চরিত্র মানুষকে অনুপ্রাণিত করবে। আমি নিজেও অনুপ্রাণিত হয়েছি এই মানুষটাকে জেনে এবং তার চরিত্রে অভিনয় করে। আশা করি, এমন একজন অবিস্মরণীয় মানুষকে দর্শক আবার নতুন করে চিনবেন সিনেমা হলে এসে। এই ছবির প্রযোজক এসভিএফ।

ষড়রিপু ২

বাজি: গতবছর লকডাউনের ঠিক আগে লন্ডন থেকে শুটিং কিছুটা বাকি রেখেই দেশে ফেরেন জিৎ এবং মিমি সমেত 'বাজি' টিম। পরে শুটিং সম্পূর্ণ হলেও করোনার কারণেই আটকেছিল মুক্তি। এই প্রথম জিৎ এবং মিমি জুটি বাঁধলেন। এই ছবিতে জিৎ লার্জার দ্যান লাইফ চরিত্রে। পুজোয় দর্শকদের বিনোদন দিতে এমনটাই পছন্দ করেন জিৎ। দক্ষিণী ছবির রিমেক হলেও বাঙালি উপাদানও মেশানো হয়েছে যথার্থভাবে। জিৎ-এর অনুরাগীরা তাঁদের নায়ককে নাচেগানে লড়াইয়ে সমানতালে পাবেন এই ছবিতে। 'বাজি'তে জিৎ-এর লুকও ইন্টারেস্টিং এবং অন্যরকম। অংশুমান প্রত্যুষ পরিচালিত ছবির সঙ্গীত পরিচালক জিৎ গাঙ্গুলি। ছবির প্রযোজক 'জিৎস ফিল্ম ওয়ার্কস'।

বনি: শীর্ষেন্দু মুখোপাধ্যায়ের সায়েন্স ফিকশন নিয়েই 'বনি'। এই ছবির পরিচালক পরমব্রত চট্টোপাধ্যায়। নায়িকা কোয়েল মল্লিক। তাঁরা দম্পতির ভূমিকায়। তাঁদের নবজাত বিস্ময়-শিশুকে ঘিরে তৈরি হয় ছবির রহস্য। এই ছবির শুটিং হয়েছে বিদেশে, ইতালিতে। নিসপাল সিং রানের প্রযোজনায় এই ছবির সুরকার অনুপম রায়। অন্যরকম গল্প, সন্দেহ নেই। এই ছবির কাহিনি বহুকাল ধরেই প্রিয় পরমব্রত ও কোয়েলের। অবশেষে বড় পর্দায় পুজোর আবহে আসছে 'বনি'। এই ছবিতে গুরুত্বপূর্ণ চরিত্রে অঞ্জন দত্ত ও কাঞ্চন মল্লিক।

ষড়রিপু ২, জতুগৃহ: চিরঞ্জিত অভিনীত 'ষড়রিপু' দর্শকদের মন ছুঁয়েছিল। সেই ভরসাতেই 'ষড়রিপু ২ : জতুগৃহ' নিয়ে এলেন পরিচালক অয়ন চক্রবর্তী। গোয়েন্দা চন্দ্রকান্ত সিনেমার জন্যই নির্মিত চরিত্র। ফলে দর্শকদের কোনও আগাম আঁচ নেই 'ষড়রিপু ২' কী হতে যাচ্ছে। এটাই এই কাহিনির এবং চন্দ্রকান্তের ইউএসপি, বললেন চিরঞ্জিত। অনেকদিন পরে পুজোয় তিনি পর্দায়, তাই মন বেশ ভাল চিরঞ্জিতের। ক্যামেলিয়া প্রযোজিত এই ছবির সঙ্গীত ও আবহ রূপম ইসলামের। গুরুত্বপূর্ণ চরিত্রে আছেন শাশ্বত চট্টোপাধ্যায়, রাজেশ শর্মা ,অরুণিমা ঘোষ, দেবরঞ্জন নাগ, দর্শনা বণিক।

এফআইআর : এই ছবিতে পুলিশ অফিসারের চরিত্রে অঙ্কুশ। অন্যরকম চরিত্র। জয়দীপ মুখার্জি পরিচালিত এই ছবিতে থ্রিলারের উপাদান প্রচুর। বাস্তবধর্মিতা এ ছবির সম্পদ, বললেন অঙ্কুশ। একটি গ্রামে যখন পর পর খুন হয়, এবং তার নিষ্পত্তি করতে ব্যর্থ স্থানীয় পুলিশ, তখনই ডাক পড়ে সাহসী, বুদ্ধিমান অফিসার অভ্রজিৎ সেন তথা অঙ্কুশের। পুজোর আবহে দর্শকদের পুরোদস্তুর বিনোদন দেবে 'এফআইআর', বিশ্বাস অঙ্কুশের। এই ছবির অন্যতম প্রযোজক পরমব্রত। তাঁর 'রোড শো ফিল্মস'-এর সঙ্গে সহ প্রযোজনায় 'শ্যাডো ফিল্মস' এবং 'আরটি নেটওয়ার্ক'। অন্যান্য গুরুত্বপূর্ণ চরিত্রে বনি সেনগুপ্ত, অনির্বাণ চক্রবর্তী, ঋতাভরী চক্রবর্তী।

পুজোর আবহে আয়োজন সম্পূর্ণ। এবার দর্শক ভরসা।

বনি

এফআইআর

ADITYA BIRLA CAPITAL
PROTECTING INVESTING FINANCING ADVISING
Aditya Birla Housing Finance Limited

রেজিস্টার্ড অফিস: ইন্ডিয়ান রেয়ন কম্পাউন্ড, ভেরাভল, গুজরাট-৩৬২২৬৬
ব্রাঞ্চ অফিস: নং ৪০৪, ৪র্থ তল, ক্যামাক স্কোয়ার, ২৪, ক্যামাক স্ট্রিট, কলকাতা-৭০০০১৬

স্থাবর সম্পত্তিসমূহ বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮ ও ৯-এর সংস্থানসমূহ সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে স্থাবর পরিসম্পদ(সমূহ) বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, ঋণগ্রহীতাগণ এবং জামিনদারগণ অর্থাৎ, **জে এন আঁচল শাড়ি প্রাইভেট লিমিটেড, জে এন টেক্সটাইলস অ্যান্ড ট্রেডিং কোং, শ্রী নরেন্দ্র কুমার জৈন এবং শ্রীমতী নিক্কু জৈন**-এর থেকে ২৬.১২.২০১৯ তারিখের ভিত্তিতে আদিত্য বিড়লা হাউজিং ফিনান্স লিমিটেড (জামিনযুক্ত ঋণদাতা)-এর পাওনা বাবদ ₹ ২,৯৬,০২,৩৬৪/- **(দুই কোটি ছিয়ানব্বই লক্ষ দুই হাজার তিনশো চৌষট্টি টাকা মাত্র)**, তদুপরি আদায়ের তারিখ পর্যন্ত পরবর্তী সুদ ও অন্যান্য খরচাপাতি পুনরুদ্ধারের লক্ষ্যে জামিনযুক্ত ঋণদাতা-এর কাছে বন্ধক রাখা/দখিলযোগ্য এবং আদিত্য বিড়লা হাউজিং ফিনান্স লিমিটেড (জামিনযুক্ত ঋণদাতা)-এর অনুমোদিত অফিসার দ্বারা বাস্তবিক দখল নেওয়া নিম্নলিখিত স্থাবর সম্পত্তি **'যেখানে আছে সেখানে', 'যা কিছু আছে তা'** এবং **'যেখানে যেভাবে আছে সেভাবে'** ভিত্তিতে ১৯.১১.২০২১ তারিখ বিক্রি করা হবে।

সম্পত্তির ধার্য সংরক্ষণ মূল্য হল ₹ ২,৬৮,৮৯,৯৭৫/- **(দুই কোটি আটষট্টি লক্ষ উননব্বই হাজার নয়শো পঁচাত্তর টাকা মাত্র)** এবং বায়না জমা (ইএমডি) অর্থাঙ্ক হল ₹ ২৬,৮৮,৯৯৭.৫০/- **(ছাব্বিশ লক্ষ অষ্টাশি হাজার নয়শো সাতানব্বই টাকা ও পঞ্চাশ পয়সা মাত্র)**। ইএমডি জমা দেওয়ার শেষ তারিখ হল ১৭.১১.২০২১।

স্থাবর সম্পত্তির বিবরণ: একটি স্বয়ংসম্পূর্ণ বাসযোগ্য ফ্ল্যাটের (২১ বছরের বেশি পুরনো) সকল অপরিহার্য অংশ, অবস্থিত পঞ্চম তলে, বিং নং ৪০২ পরিমাপ প্রায় ১৮৯৭ বর্গফুট (বিল্ট আপ পরিমাপ) কমবেশি, অবস্থিত প্রেমিসেস নং ২, ম্যান্ডেভিলা গার্ডেন, পূর্বতন থানা বালিগঞ্জ বর্তমানে গড়িয়াহাট থানা অধীনে, কলকাতা-৭০০ ০১৯, কলকাতা পুরসভার ওয়ার্ড নং ৬৮, থানা গড়িয়াহাট, জেলা দক্ষিণ ২৪ পরগনা সহ জমির অবিভাজ্য, আনুপাতিক অংশ সহ সাধারণ স্থান, সুবিধাদির অবিভাজ্য আনুপাতিক অধিকার এবং কমবেশি ১২০ বর্গফুট খোলা গাড়ি রাখার জায়গা-এর সকল অপরিহার্য অংশ, অবস্থিত উক্ত প্রেমিসেসের প্রথম তলে।

বিক্রয়ের বিশদ শর্তাবলির জন্য আদিত্য বিড়লা হাউজিং ফিনান্স লিমিটেড/জামিনযুক্ত উত্তমর্ণের ওয়েবসাইট যথা https://homefinance.adityabirlacapital.com/properties-for-auction-under-sarfaesi-act অথবা https://sarfaesi.auctiontiger.net-এ লিঙ্ক দেখুন।

তারিখ: ০৯.১০.২০২১
স্থান: কলকাতা

স্বাঃ অনুমোদিত আধিকারিক
আদিত্য বিড়লা হাউজিং ফিনান্স লিমিটেড

AkzoNobel
অ্যাকজো নোবেল ইন্ডিয়া লিমিটেড
CIN: L24292WB1954PLC021516
রেজিস্টার্ড অফিস: ৮বি মিডিলটন স্ট্রিট, কলকাতা- ৭০০০৭১
টেলি: ০৩৩-২২২৬ ৭৪৬২, ফ্যাক্স- ০৩৩-২২২৭ ৭৯২৫
ইমেল: investor.india@akzonobel.com, ওয়েবসাইট: www.akzonobel.co.in

পোস্টাল ব্যালট বিজ্ঞপ্তি (কেবলমাত্র ই-ভোটিং মাধ্যমে)

দি কোম্পানিজ অ্যাক্ট ২০১৩ সেকশন ১০৮ এবং ১১০ সঙ্গে পঠিতব্য দি কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪, রুলস ২০ এবং ২২ যা পরিমার্জিত দি কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) অ্যামেন্ডমেন্ট রুলস ২০১৬ অনুযায়ী সহ বিধিবদ্ধ পরিমার্জন এবং অন্যান্য প্রযোজ্য ধারা অনুযায়ী, যে সকল সদস্যগণের নাম নির্ণায়ক তারিখ যথা বৃহস্পতিবার ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখে কোম্পানির সদস্যগণের খাতায় লাভজনক সদস্য হিসেবে রয়েছে, কোম্পানি তাদের পোস্টাল ব্যালট বিজ্ঞপ্তি আজ ৭ অক্টোবর ২০২১ তারিখে প্রেরণ সম্পূর্ণ করেছেন। ওই বিজ্ঞপ্তির মাধ্যমে সদস্যগণের 'সাধারণ রিজোলিউশনের' ভিত্তিতে শ্রীমতি হর্ষি-কে কোম্পানির পূর্ণসময়ের ডিরেক্টর হিসেবে নিয়োগের জন্য মতামত জানতে চাওয়া হয়েছে।

কোম্পানি তার সদস্যগণকে বৈদ্যুতিন মাধ্যমে ভোট প্রদানের সুবিধা প্রদান করছেন, যার পরিষেবা প্রদান করবেন ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড (''এন এস ডি এল'')

ভোট কেবলমাত্র ই-ভোটিং মাধ্যমে প্রদান করা যাবে এবং আরম্ভ হবে **শুক্রবার ৮ অক্টোবর, ২০২১ (ভারতীয় সময় সকাল ৯.০০টায়) এবং শেষ হবে শনিবার ৬ নভেম্বর, ২০২১ (ভারতীয় সময় বিকেল ৫.০০টায়)** (উভয় দিন সহ)। এনএসডিএল ওই সময়ের পরে ই-ভোটিং মডিউল নিষ্ক্রিয় করে দেবেন।

কোম্পানির পরিচালন পর্ষদ পোস্টাল ব্যালট/ই-ভোটিং পদ্ধতিতে স্বচ্ছ ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য মেসার্স এ কে লাভ অ্যান্ড কোং, কোম্পানি সেক্রেটারিজ এর শ্রী অতুল কুমার লাভ এবং পরিবর্তে শ্রী অসিত কুমার লাভ কে স্ক্রুটিনাইজার হিসেবে নিয়োগ করেছেন।

পোস্টাল ব্যালট বিজ্ঞপ্তি কোম্পানির ওয়েবসাইট **www.akzonobel.co.in** এবং এনএসডিএল-এর ওয়েবসাইট: **www.evoting.nsdl.com** থেকে ডাউনলোড করে পাওয়া যাবে। কোনও সদস্য যদি পোস্টাল ব্যালট বিজ্ঞপ্তি গ্রহণ না করে থাকেন, সেক্ষেত্রে **investor.india@akzonobel.com** বা **rta@cbmsl.com**-তে ই-মেল প্রেরণ করে গ্রহণ করতে পারেন।

ভোটিং নির্দেশাবলির জন্য সদস্যগণকে কোম্পানি দ্বারা জারিকৃত ২৪ সেপ্টেম্বর ২০২১ তারিখের পোস্টাল ব্যালট বিজ্ঞপ্তি 'ভোটিং-এর জন্য নির্দেশাবলী' দেখুন।

কোনও প্রশ্নের জন্য আপনারা শেয়ারহোল্ডারগণের জন্য ফ্রিকোয়েন্টলি আস্কড কোশ্চেনস (এফএকিউস) দেখুন শেয়ারহোল্ডারগণের জন্য যা পাওয়া যাবে **www.evoting.nsdl.com**-এর ডাউনলোড বিভাগে বা নিঃশুল্ক নম্বর ১৮০০-২২২-৯৯০-তে ফোন করুন বা অনুরোধ করুন **evoting@nsdl.co.in** তে। সদস্যগণ যোগাযোগ করতে পারেন শ্রী ভি.এ.থমাস, স্টেকহোল্ডার রিলেশনস ম্যানেজার ০১২৪ ৪৮৫২৪০০ তে বা ভোট পদ্ধতি সম্পর্কিত অভিযোগের জন্য **investor.ivdia@akzonobel.com** তে

পোস্টাল ব্যালটের ফলাফল কোম্পানির রেজিস্টার্ড অফিসে ঘোষিত হবে **সোমবার ৮ নভেম্বর, ২০২১ ভারতীয় সময় বেলা ৫.০০টার মধ্যে।** উক্ত ফলাফল সহ স্ক্রুটিনাইজারের রিপোর্ট কোম্পানির ওয়েবসাইট www.akzonobel.co.in এবং রেজিস্টার্ড অফিসে পাওয়া যাবে। ফলাফল সহ স্ক্রুটিনাইজারের রিপোর্ট স্টক এক্সচেঞ্জ সমূহে প্রেরণ করা হবে যেখানে কোম্পানির শেয়ার নথিভুক্ত রয়েছে যথা বিএসই এবং এনএসই-তে।

পরিচালন পর্ষদের আদেশানুসারে
অ্যাকজো নোবেল ইন্ডিয়া লিমিটেডের পক্ষে
স্বাঃ/-
হর্ষি রস্তোগি
কোম্পানি সেক্রেটারি

স্থান: গুড়গ্রাম
তারিখ: ৭ অক্টোবর, ২০২১

পঞ্জাব নৈশনল বৈংক punjab national bank ...the name you can BANK upon!

পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, সার্কেল সাস্ত্র মালদা
নজরুল সরণি, বি এস রোড, পোঃ মালদা (পব), পিন ৭৩২১০১, ই মেল- cs8275@pnb.co.in

তারিখ ২৪.০৯.২০২১

দাবি বিজ্ঞপ্তি (রিকল নোটিস) সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট ২০০২-এর ১৩(২) ধারায়।

১. মেঃ ফ্যাসন আড্ডা-মালিক শ্রীমতী ববিতা গুপ্তা সাহা, স্বামী মি. অভিজিত সাহা (দেনদার) সারদাপল্লী, উষা নার্সিং হোমের কাছে, থানা ইংলিশবাজার, জেলা মালদা ৭৩২১০১	২. শ্রীমতী রিনি সাহা, পিতা মি. অভিজিত কুমার সাহা (জামিনদার) সারদাপল্লী, উষা নার্সিং হোমের কাছে, থানা ইংলিশবাজার, জেলা মালদা ৭৩২১০১

প্রিয় মহাশয়/মহাশয়া,
রেফ: ফ্যাসন আড্ডা-মালিক শ্রীমতী ববিতা গুপ্তা সাহা, স্বামী মি. অভিজিত সাহা দ্বারা অ্যাকাউন্ট নং ০৬৭৮২৫০৩০৬৯৮০ তে নেতাজি মার্কেট শাখা থেকে প্রাপ্ত ঋণের সুবিধা।
মেঃ ফ্যাসন আড্ডা-মালিক শ্রীমতী ববিতা গুপ্তা সাহা, স্বামী মি. অভিজিত সাহা যে ঋণের সুবিধা নিয়েছেন, তার জামিনদার শ্রীমতী রিনি সাহা, পিতা মি. অভিজিত কুমার সাহা-

সুবিধা	সীমা (টাঃ)	২২.০৯.২০২১-এ বকেয়া
ক্যাশ ক্রেডিট সুবিধা (এসি নং ০৬৭৮২৫০৩০৬৯৮০)	২৫০০০০০.০০	২৪৯৪৩৩০.৪০
টার্ম লোন (এসি নং ০৬৭৮৩০০০২৭১১২২)	২৫০০০০.০০	২৩৫৬৪৪.০০
মোট	২৭,৫০,০০০.০০	২৭,২৯,৯৭৪.৪০ সহ সুদ ও চার্জ

কিস্তি/সুদ/আসল **না মেটানোয় অ্যাকাউন্টগুলি** ২৬.০৩.২০২১-এ রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া বিধি মাফিক অ-কার্যকরী সম্পদে পরিণত হয়েছে। উক্ত সুবিধা বাবদ আমরা সুদ ও অন্য চার্জ সহ বকেয়া মেটাতে দাবি জানাচ্ছি/ রিকল করছি। এই চিঠি মারফত আমরা গ্যারান্টি উৎসাহিত করছি। ২২.০৯.২০২১-এ ব্যাঙ্কের বকেয়া টাঃ ২৭,২৯,৯৭৪.৪০ **(সাতাশ লাখ উনত্রিশ হাজার নয়শো চুয়াত্তর টাকা চল্লিশ পয়সা)** সহ চার্জ ও প্রদান অবধি সুদ (এর পর জামিন ঋণ বলা হবে)।
উক্ত সুবিধা নিতে আপনারা নিচের সম্পত্তি/সম্পদ সাপেক্ষ জামিন স্বার্থ সৃষ্টি করেছিলেন:

সুবিধা	জামিন
ক্যাশ ক্রেডিট সুবিধা (এসি নং ০৬৭৮২৫০৩০৬৯৮০) টার্ম লোন (এসি নং ০৬৭৮৩০০০২৭১১২২)	জমি ও বিল্ডিংয়ের সমবন্ধক, জেলা মালদা, থানা ইংলিশবাজার, মৌজা কুতুবপুর, ফুলবাড়ি, জে এল নং ৬৪, খতিয়ান নং ১০১০, এল আর খতিয়ান নং ৪৩২২, ৪৩৪৪, প্লট নং ৮০১/৯১৩, এল আর প্লট নং ২০০৯, শ্রেণী বাস্তু, মাপ ১.৬০ ডেসি, ওয়ার্ড নং ১৫, পুরসভা ইংলিশবাজার, হোল্ডিং নং ৬১/৫ ববিতা গুপ্তা সাহা, রিনি সাহার নামে, দানপত্র নং ১৭০২২, তারিখ ২৫.০৮.২০১৫ মাফিক। **সীমানা:** উত্তর: সন্তোষ রায়ের জমি/বাড়ি; দক্ষিণ: সঞ্জয় দের জমি/বাড়ি পূর্ব: অনুপম পাল চৌধুরীর জমি/বাড়ি: পশ্চিম: পুর রাস্তা

আমরা ২২.০৯.২০২১ মাফিক ব্যাঙ্কের বকেয়া টাঃ ২৭,২৯,৯৭৪.৪০ **(সাতাশ লাখ উনত্রিশ হাজার নয়শো চুয়াত্তর টাকা চল্লিশ পয়সা)** সহ চার্জ ও প্রদান অবধি চুক্তির হারে সুদ এই নোটিস প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে মিটিয়ে দিতে নির্দেশ দিচ্ছি। ব্যর্থ হলে বিধি অনুযায়ী ব্যবস্থা ছাড়াও সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট ২০০২-এর ১৩(৪) ধারায় (অ্যাক্ট) পদক্ষেপ করবে। বকেয়া না মেটালে ব্যাঙ্ক দ্বারা যে জামিন সম্পত্তির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে, তা নিচে দেওয়া হল:

জমি ও ভবনের সমবন্ধক অবস্থিত জেলা- মালদহ, থানা- ইংরেজ বাজার, মৌজা- কুতুবপুর, ফুলবাড়ি, জে এল নং ৬৪, খতিয়ান নং ১০১০, এল আর খতিয়ান নং ৪৩২২, ৪৩৪৪, প্লট নং ৮০১/৯১৩, এল আর প্লট নং- ২০০৯ বিভাজন- বাস্তু পরিমাপ- ১.৬০ ডেসি ওয়ার্ড নং ১৫, পৌরসভা- ইংরেজ বাজার, হোল্ডিং নং ৬১/৫ নামাঙ্কিত ববিতা গুপ্তা সাহা এবং রিনি সাহা যা নথিভুক্ত গিফ্ট ডিড নং ১৭০২২ তারিখ ২৫-০৮-২০১৫ অনুযায়ী
চৌহদ্দি:
উত্তরে: সন্তোষ রায়ের এল/এইচ: দক্ষিণে: সঞ্জয় দে-এর এল/এইচ: পূর্বে: অনুপম পাল চৌধুরি-র এল/এইচ: পশ্চিমে: পৌরসভার রাস্তা

দি অ্যাক্টের সেকশন ১৩ সাবসেকশন (৮) এর প্রতি দৃষ্টি আকর্ষণ করে আপনাদের জামিনযুক্ত পরিসম্পদ ছাড়িয়ে নিতে বলা হচ্ছে।
দয়া করে খেয়াল রাখবেন যে উক্ত অ্যাক্টের ১৩ (১৩) ধারা অনুযায়ী আপনারা এই বিজ্ঞপ্তি গ্রহণের পরে, ব্যাঙ্কের পূর্ব অনুমতি ব্যতিরেকে উক্ত জামিনযুক্ত সম্পদসমূহ বিক্রয়, লিজ বা অন্যভাবে (সাধারণ কার্য ব্যতীত) হস্তান্তর করতে পারবেন না। আরও বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে এই বিধিবদ্ধ বিজ্ঞপ্তির বিরুদ্ধে কোনও কার্য আইন অনুযায়ী একটি অপরাধ।
যদি কোনও কারণে জামিনযুক্ত পরিসম্পদ বিক্রি বা লিজ প্রদান করা হয় সাধারণ কার্যের ক্ষেত্রে, তার থেকে গৃহীত অর্থাঙ্ক বা আয় ব্যাঙ্কে জমা করতে হবে। আপনাদের ওই অর্থাঙ্কের হিসাব জমা করতে হবে।

আমরা অন্যান্য জামিনযুক্ত সম্পদের উপর অধিকার প্রয়োগের ক্ষমতা রাখি।

এই দাবি বিজ্ঞপ্তির বিষয়সমূহ মেনে চলে অপ্রীতিকর অবস্থা পরিহার করুন। অমান্য করা হলে আপনাদের খরচে ও দায়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। এই বিজ্ঞপ্তি ব্যাঙ্কের **কোনওরূপ অধিকার সহ** আইনি প্রক্রিয়া ডিআরটি/কোর্ট সম্মুখে ব্যাহত করে না।

আপনাদের
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের পক্ষে
অনুমোদিত আধিকারিক,
চিফ ম্যানেজার, সার্কেল শস্ত্র
প্রতিলিপি: শাখা প্রবন্ধক, বিও: নেতাজি মার্কেট পিএনবি (সল আইডি ০৬৭৮২০) সম্পত্তি নিরীক্ষণ ও মূল্যায়নের জন্য যদি মূল্যায়ন এক বছরের বেশি পুরাতন হয়ে থাকে।